



# পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

ফোন: ০২৫৮৮৮-৪৪৯৮১

প্রেস রিলিজ

তারিখ: ১ মার্চ ২০২৫

পাবপ্রবি'র কর্মকর্তারা “পিপিআর ২০০৮” বিষয়ে প্রশিক্ষণ নিচ্ছেন

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কর্মকর্তাদের জন্য “ট্রেনিং অন পাবলিক প্রকিউরমেন্ট রুলস (পিপিআর)-২০০৮” বিষয়ে তিনদিনব্যাপী প্রশিক্ষণ কর্মশালা আজ শনিবার (১ মার্চ) শুরু হয়েছে। কর্মশালায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল। বিশেষ অতিথি ছিলেন কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান এবং আইকিএসি'র পরিচালক অধ্যাপক ড. মো. শামীম রেজা।

রিসোর্স পারসন হিসেবে কর্মশালাটি পরিচালনা করছেন নাটোর জেলা হিসাবরক্ষণ কর্মকর্তা (অবসরপ্রাপ্ত) মো. আমির হোসেন। সভাপতিত্ব করেন বিশ্ববিদ্যালয়ের পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের অতিরিক্ত পরিচালক মো. গোলজার হোসেন।

উপাচার্য অধ্যাপক ড. এসএম আব্দুল-আওয়াল বলেন, “সঠিক প্রশিক্ষণের মাধ্যমে দক্ষ জনশক্তি গড়ে তোলা এবং সচেতনতা বাড়াতে হবে। বিশ্ববিদ্যালয়কে সুন্দরভাবে গড়ে তোলা আমাদের সকলের দায়িত্ব। নিয়ম-কানুন জানা, স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করতে হবে। সমসাময়িক বিশ্ববিদ্যালয়গুলোর সাথে বেশকিছু ক্ষেত্রে আমাদের ঘাটতি আছে। ঘাটতি পূরণের জন্য বিশ্ববিদ্যালয়ের উন্নয়নের স্বার্থে আমাদের নিষ্ঠা ও সততার মধ্য দিয়ে এক সাথে কাজ করতে হবে।”

কোষাধ্যক্ষ অধ্যাপক ড. মো. শামীম আহসান বলেন, “ক্রয়সংক্রান্ত বিষয়ে নিয়ম-নীতি অনুসরণ করতে হবে। যেকোনো বিষয়ে আমাদের আইন জানা থাকলে কাজ করা সহজতর হয়ে থাকে। প্রশিক্ষণের মধ্য দিয়ে এসব বিষয়ে স্বচ্ছ ধারণা নিতে হবে।”

পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের উদ্যোগে বিশ্ববিদ্যালয়ের বিভিন্ন দপ্তরের কর্মকর্তারা প্রশিক্ষণ নিচ্ছেন। কর্মশালাটি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় গ্রন্থাগার ভবনের ভার্চুয়াল শ্রেণিকক্ষে অনুষ্ঠিত হচ্ছে।

সঞ্চালনা করেন পরিকল্পনা, উন্নয়ন ও ওয়ার্কস দপ্তরের সহকারী রেজিস্ট্রার আব্দুল্লাহ আল মামুন।

০১.০৩.২০২৫

(মো. বাবুল হোসেন)

সহকারী পরিচালক

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

পাবনা বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।